

ঢাকা ওয়াসা

বিষয় Reconstruction of sewer line and gas line with ancillary works at Mirpur-12/D, Dhaka WASA quarter compound.

- ১) আবেদন পত্র।
- ২) ২০২৬-২৭ অর্থ বৎসরের বাজেট বরাদ্দের কপি।
- ৩) প্রাক্কলন।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মিরপুর-১২ তে অবস্থিত ১২/ডি কোয়ার্টার কম্পাউন্ডে ১টি ছয়তলা বিল্ডিং(মহানন্দা) এবং ৯টি টিনসেড কোয়ার্টার আছে। উক্ত কম্পাউন্ডের মহানন্দা বিল্ডিং এর নিচ তলার দুইটি ইউনিট বর্তমানে খালী। গত ৩০/০৬/২৬ইং তারিখে সিটি করপোরেশনের ভিজিলেন্স টিম ডেংগু মশার সচেতনতা মূলক প্রচারণা করার জন্য কম্পাউন্ড পরিদর্শনে আসেন। পরিদর্শনে তারা নীচ তলায় দুটি ফ্ল্যাটে জমে থাকা পানির মধ্যে এডিস মশার লার্ভা খুঁজে পান, মশার বংশ বিস্তার রোধে অতি দ্রুত ফ্ল্যাট সমূহ হতে পানি নিষ্কাশনের ব্যবস্থা করার জন্য পরামর্শ দেন। উক্ত কম্পাউন্ডে বসবাসরত এলোটিদের আবেদনের প্রেক্ষিতে সাইটটি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় দেখা যায়, উক্ত বিল্ডিং এর সুয়ার সিস্টেমটি অকার্যকর হয়ে গেছে উপরের তলায় ব্যবহৃত সুয়ারের ময়লা এবং পানি নিচতলায় এসে জমা হচ্ছে। উল্লেখ্য যে, সিটি করপোরেশন রাস্তা ও সুয়ার এর কাজ করার সময় সুয়ার লাইনটি বন্ধ করে দেয় ফলে সুয়ার সিস্টেম নষ্ট হয়ে যায়। বর্তমানে উক্ত ইউনিট দুটির জমা পানিতে প্রচুর মশা দেখা যায়। যা বসবাসরত এলোটিগণের জন্য হুমকি সুরুপ। আপরদিকে টিনশেডে অবস্থিত ৯টি ইউনিটের এ্যালোটির গ্যাস সরবরাহ পাইপ পুরাতন এবং বৃষ্টিপাতের কারনে গ্যাস পাইপটি খতিগস্থ হয়েছে। গ্যাস লাইনের লিকেজ দিয়ে পানি ঢুকে গ্যাস সরবরাহ সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে। গ্যাস লাইন লিকেজ হওয়ার ফলে গ্যাস বের হয়ে চারিদিকে তীব্র গ্যাসের গন্ধ পাওয়া যাচ্ছে, যে কোন সময় মারাত্মক দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। সুয়ার লাইন এবং গ্যাস লাইনের সমস্যার কারনে উক্ত কোয়ার্টারের বসবাসরত এলোটিদের দৈনন্দিন জীবন যাপন বাঁধা সৃষ্টি হচ্ছে। ফলে এলোটিদের দুর্ভোগ লাঘবে এবং ডেঙ্গু প্রতিরোধে সুয়ার লাইন এবং গ্যাস লাইন জরুরীভিত্তিতে পরিবর্তন করা প্রয়োজন।

২। উক্ত কাজটি সম্পন্ন করতে PWD-২০২২ এর রেট সিডিউল অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যার প্রাক্কলন ব্যয় দাড়িয়েছে ৪৯৬,০৭৮/- (চার লক্ষ ছিয়ানব্বই হাজার আটাত্তর) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার সিএম বিভাগের ২০২৬-২৭ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "আবাসিক দালান রক্ষনাবেক্ষন" খাত হতে নির্বাহ করা হবে। কাজটি আতীত জরুরী বিধায় পিপিআর-২০২৫ এর ৯৯(১)ড অনুযায়ী "সরাসরি চুক্তির" আওতায় মোঃ আসলাম উদ্দিন এর মাধ্যমে কাজটি সম্পন্ন করা যেতে পারে।

৩। এমতাবস্থায়, Reconstruction of sewer line and gas line with ancillary works at Mirpur-12/D, Dhaka WASA quarter compound কাজটি পিপিআর-২০২৫ এর ৯৯(১)ড অনুযায়ী "সরাসরি চুক্তির" আওতায় মেসার্স আসলাম উদ্দিন এর মাধ্যমে সম্পাদনের জন্য প্রাক্কলিত সর্বমোট ৪৯৬,০৭৮/- (চার লক্ষ ছিয়ানব্বই হাজার আটাত্তর) টাকা মাত্র অনুমোদন দেওয়া যেতে পারে। প্রাক্কলনটি অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

২/৭/২৬
রাজিয়া সুলতানা
উপ-সহকারী প্রকৌশলী
সি এম বিভাগ
ঢাকা ওয়াসা।

০২.০৭.২৬
রাহাত উন নবী
সহকারী প্রকৌশলী
সি এম বিভাগ
ঢাকা ওয়াসা।

০২/০৭/২৬
মুন্স সাহা
নির্বাহী প্রকৌশলী
সিএম বিভাগ
ঢাকা ওয়াসা

০২/০৭/২৬
মোঃ আমিনুল ইসলাম
উপ-ব্যবস্থাপনা পরিচালক (৩২ দফা)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

০৫.০৭.২০২৬
মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
উপ-রক্ষনাবেক্ষন (খন্ডা)
ঢাকা ওয়াসা।

০৫/০৭/২৬
মোঃ আমিনুল ইসলাম
উপ-ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

০৫/০৭/২৬
মোঃ আমিনুল ইসলাম
উপ-ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

০৫/০৭/২৬
মোঃ আমিনুল ইসলাম
উপ-ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।